গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক নিরাপত্তা শাখা

**মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/কর্তৃপক্ষ/কোম্পানির সমন্বয়ে কেন্দ্রীয়ভাবে আলোচনা সভা আয়োজন ও শুদ্ধ বানান প্রতিযোগিতার পুরস্কার বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শফি উল হক<br>অতিরিক্ত সচিব (বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ১৬-০২-২০২৩ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | এ বিভাগের সভাকক্ষ (কক্ষ নম্বর-৮২১, ভবন নম্বর-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বক্তব্যের শুরুতেই তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৯৫২ সালের মহান ভাষা আন্দোলনে নিহত সকল শহিদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি আলোচ্য বিষয়ে কমিটি গঠনের প্রেক্ষাপট বর্ণনা করেন। অতঃপর সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে আলোচ্য বিষয়ে বক্তব্য রাখার জন্য অনুরোধ জানান।

০২. সভায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের অংশ হিসেবে শুদ্ধ বানান প্রতিযোগিতার আয়োজন, আলোচনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজনসহ পুরস্কার সংক্রান্ত বিষয়াদি নিয়ে আলোচনা হয়। আলোচনার পর মহান শহিদ দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সুপারিশ প্রণয়ন করা হয়:

| ক্রম | বিষয় | আলোচনা ও সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | শুদ্ধ বানান প্রতিযোগিতা আয়োজন ও পুরস্কার বিতরণ | মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের অংশ হিসেবে ১৬-০২-২০২৩ তারিখে শুদ্ধ বানান প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এ প্রতিযোগিতায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১০-১২ ও ১৩-১৬ গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারিগণ অংশগ্রহণ করবেন। এক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত ‘সরকারি কাজে ব্যবহারিক বাংলা’ থেকে ৫০টি শব্দের সঠিক বানান লিখতে দেয়া হবে। এ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকলকে উপহার হিসেবে ভাষা আন্দোলন বা বঙ্গবন্ধু বিষয়ক বই দেয়া যেতে পারে। অপরদিকে, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদের উক্ত বইয়ের পাশাপাশি একটি সনদ দেয়া যেতে পারে। পরবর্তীতে এ ধরনের প্রতিযোগিতা অধিদপ্তর/দপ্তর/সংস্থা/কর্তৃপক্ষ/কোম্পানীসমূহে আয়োজনের জন্য সভায় উপস্থিত সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়। | এ বিভাগের এতদ্‌সংক্রান্ত কমিটি এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি এবং ফোকাল পয়েন্ট (সকল) |
| ২. | আলোচনা সভা আয়োজন | - মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/কর্তৃপক্ষ/কোম্পানীর সমন্বয়ে ২১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে কেন্দ্রীয়ভাবে আলোচনা সভা সড়ক ও জনপথ অধিদপ্তরের অডিটোরিয়ামে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ সংশ্লিষ্ট ব্যানার ও দাওয়াত কার্ড তৈরি সংক্রান্ত বিষয়াদি ১৯-০২-২০২৩ তারিখের মধ্যে চূড়ান্ত করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয় এবং এ সংশ্লিষ্ট যাবতীয় কার্যাদি সম্পাদনে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তরকে দায়িত্ব প্রদান করা হলো।<br>- উক্ত আলোচনা সভায় এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/ কর্তৃপক্ষ/কোম্পানীর কি পরিমাণ জনবল উপস্থিত থাকবেন, সে বিষয়ে আলোচনা হয়। আলোচনাকালে এ বিভাগের ৯ম ও তদুর্দ্ধ গ্রেডের কর্মকর্তাগণসহ ১০ম গ্রেডভুক্ত প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা মোট ৯৩ জন, সড়ক ও জনপথ অধিদপ্তরের ২০৭ জন, বিআরটিএ-এর ৩০ জন, বিআরটিসি হতে ৩০ জন ও ডিটিসিএ-এর ৩০ জন, ডিএমটিসিএল হতে ৫০ জন ও ঢাকা বিআরটি এর ১০ জন কর্মকর্তা/কর্মচারী সর্বমোট ৪৫০ জন উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে পত্র জারির জন্য প্রশাসন অধিশাখাকে দায়িত্ব প্রদান করা হলো। এ বিষয়ে আওতাধীন অধিদপ্তর/দপ্তর/ সংস্থা/কর্তৃপক্ষ/কোম্পানীর সংশ্লিষ্টগণ সার্বিক সহযোগিতা করবেন। | এ বিভাগের এতদ্‌সংক্রান্ত কমিটি এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি এবং ফোকাল পয়েন্ট (সকল) |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

| ক্রম | বিষয় | আলোচনা ও সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | - উক্ত অনুষ্ঠানে সভাপতি, মুখ্য আলোচক, সংস্থা প্রধানগণের বক্তব্যকাল নির্ধারণের বিষয়ে আলোচনা হয় এবং বক্তব্যকাল ও স্বাগত বক্তব্যের সময় নির্ধারণ করার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করা হয়। পাশাপাশি মুখ্য আলোচকের জন্য সম্মানী হিসেবে নির্ধারিত অর্থ সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রতিনিধিকে নির্দেশনা প্রদান করা হয়। | |

০৩. সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে আন্তরিক হওয়ার পরামর্শ প্রদান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৬-০২-২০২৩
(মোঃ শফি উল হক)
অতিরিক্ত সচিব (বাজেট)

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০২০.৯৯.০০৩.২৩.৫

তারিখ: ১৯-০২-২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ-কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
২। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩। চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা
৪। চেয়ারম্যান, বিআরটিসি, বিআরটিসি ভবন, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৫। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও, ঢাকা
৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৪), ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা
৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি কোম্পানী লিমিটেড, বাড়ী নং-৪, সড়ক নং-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
৮। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সদয় অবগতির জন্য)
৯। যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০। উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৯.০২.২০২৩
(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫১৩৩৩৪